



## অধ্যয়ন PICNIC



PICNIC-এর অর্থ হচ্ছে শিশুদের মধ্যে বায়ু দূষণ, আবাসন এবং শ্বাস নালী সম্পর্কিত সংক্রমণ: জাতীয় জন্ম সামূহিক অধ্যয়ন (Air Pollution, housing and respiratory tract Infections in Children: National birth Cohort study)।

## অধ্যয়নের সারাংশ

### এই গবেষণা প্রজেক্টটি কী বিষয়ে?

শ্বাস নালীর সংক্রমণ (RTI)-এর কারণে পাঁচ বছরের কম বয়সী বাচ্চাদের হাসপাতালে ভর্তি হওয়ার ক্ষেত্রে গর্ভাবস্থার সময় ও জীবনের প্রথম পাঁচ বছর বায়ু দূষণের সংস্পর্শে আসা এবং দরিদ্র আবাসন পরিস্থিতি (যেমন অতিরিক্ত ভিড় এবং স্যাঁতসেঁতে/ছত্রাক জনিত পরিবেশ) কতটা অবদান রাখে তা আমরা তদন্ত করব।

### আমরা এই গবেষণাটি কেন করছি?

RTI, যেমন ব্রঙ্কিওলাইটিস, নিউমোনিয়া এবং ক্রুপ হচ্ছে যুক্তরাজ্যে ছোট বাচ্চাদের হাসপাতালে ভর্তি হওয়ার সর্বাধিক সাধারণ কারণ। এই ভর্তিগুলি শিশুদের, তাদের বাবা-মায়েদের জন্য চাপমূলক এবং জাতীয় স্বাস্থ্যসেবা (NHS)-এর জন্য ব্যয়বহুল। RTI-এর কারণে ছোটবেলায় হাসপাতালে ভর্তি থাকার জন্য পরবর্তী শৈশবে হাঁপানির মত দীর্ঘস্থায়ী শ্বাসকষ্টেরও বিকাশ ঘটে। পূর্ববর্তী গবেষণায় দেখা গেছে যে দরিদ্র ঘরের বাচ্চাদের RTI-এর কারণে ভর্তির প্রয়োজন বেশি হয়। শিশুদের জীবনযাপনের কোন দিকটি RTI-এর কারণে হাসপাতালে ভর্তির ক্ষেত্রে সবচেয়ে বেশি অবদান রাখে তা স্পষ্ট নয়। এই গবেষণায়, আমরা পরীক্ষা করব যে গর্ভাশয়ে বা শৈশবকালে বায়ু দূষণের সংস্পর্শে আসা এবং দরিদ্র আবাসন পরিস্থিতি কোনও শিশুর RTI-এর কারণে হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকির সাথে সম্পর্কিত কিনা। এছাড়াও, যদি আমরা ছোট বাচ্চাদের পরিবারগুলির জন্য বায়ু দূষণ হ্রাস করি এবং/অথবা আবাসন পরিস্থিতি উন্নত করি তবে যুক্তরাজ্যে RTI-এর কারণে কতটি ভর্তি রোধ করা সম্ভব, তাও আমরা দেখব।

## আমরা তা কীভাবে করব?

আমরা 2005 থেকে 2014 সালের মধ্যে ইংল্যান্ডে জন্মগ্রহণকারী এবং 1997 এবং 2019 সালের মধ্যে স্কটল্যান্ডে জন্মগ্রহণকারী সকল শিশুর জন্ম শংসাপত্র, যেগুলি প্রসূতি রেকর্ড এবং হাসপাতালে ভর্তির ডেটার সাথে যুক্ত, সেগুলি থেকে সংগৃহীত ডেটা ব্যবহার করব, প্রায় মোট ৪০ লক্ষ শিশু। আমরা 2011 সালের জনগণনা থেকে বায়ু দূষণের সংস্পর্শ, আবাসন বৈশিষ্ট্য এবং আবাসন ও আর্থ-সামাজিক পটভূমি তথ্য সম্পর্কিত ডেটার সাথে এই তথ্য যোগ করব। আমরা পরিসংখ্যানগত পদ্ধতিগুলি ব্যবহার করব যা শিশুদের RTI-এর কারণে হাসপাতালে ভর্তি হওয়ার জন্য অন্যান্য অন্তর্নিহিত ঝুঁকির কারণ যেমন দীর্ঘস্থায়ী স্বাস্থ্যের সমস্যাগুলি রয়েছে কিনা, তা বিবেচনায় করতে আমাদের সাহায্য করবে। সমস্ত ডেটা অনুমোদিত সুরক্ষিত পরিবেশে রাখা হবে এবং গবেষণায় ব্যবহৃত লিঙ্কিং পদ্ধতিগুলি মা এবং শিশুদের পরিচয় গোপন রাখাটি নিশ্চিত করে। যারা ডেটা নিয়ে কাজ করবে তাদের কাছে ব্যক্তি সনাক্তকারী জিনিসগুলির অধিকার থাকবে না যেমন, NHS নম্বর, নাম বা ঠিকানা। অনুমোদিত মাতৃস্বাস্থ্য এবং শিশুদের স্বাস্থ্য সম্পর্কে আরও গবেষণা করার জন্য অন্যান্য গবেষকরা যাতে এই ডেটাগুলি ভবিষ্যতে আবার ব্যবহার করতে পারেন তাও আমরা নিশ্চিত করব।

আরও তথ্যের জন্য, যোগাযোগ করুন: [p.hardelid@ucl.ac.uk](mailto:p.hardelid@ucl.ac.uk)